ব্যবসা পুনরায় খোলা - পর্যায় 1 এর জন্য নিউ ইয়র্ক সিটির সংস্থানসমূহ

নিরাপদ ও সুস্থ নিউ ইয়র্ক সিটির জন্য চারটি সর্বোত্তম প্রধান কার্যাভ্যাস

1. অসুস্থ হলে বাড়িতে থাকুন
2. শারীরিক দূরত্ব বজায় রাখুন
3. মুখ ঢাকার আবরণ পরুন
4. আপনার হাত পরিষ্কার রাখুন

আপনি যদি ব্যবসা পুনরায় খোলেন:

সোমবার 8 জুন তারিখে নিউ ইয়র্ক সিটি পুনরায় খোলার পর্যায় 1 এ প্রবেশ করবে। এতে অন্তর্ভুক্ত থাকবে উৎপাদন, পাইকারি ব্যবসা এবং শুধুমাত্র ফুটপাথে বা দোকানে পিক-আপ বা ড্রপ-অফের জন্য খুচরো বিক্রয়। নির্মাণ ক্ষেত্র ও কৃষি, শিকার করা, বনপালন, ও মাছ ধরার ক্ষেত্রগুলিও পুনরায় খুলবে।

আপনার প্রথম গন্তব্য হবে নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্ক ফরোয়ার্ড (New York Forward) নির্দেশনা - ব্যবসাগুলিকে পুনরায় খোলার জন্য অবশ্যই স্টেটের থেকে নিম্নলিখিত আদেশগুলি পড়তে ও প্রত্যয়ন করতে হবে।

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগ (Department of Health and Mental Hygiene, DOHMH) নিউ ইয়র্ক স্টেটের নির্দেশনা মেনে পর্যায় 1 এ পুনরায় খোলার জন্য সরল ভাষায় প্রতিটি ক্ষেত্রের জন্য বারংবার জিজ্ঞাসা করা প্রশ্নসমূহ তৈরি করেছে। উপরন্তু, ছোট মাপের ব্যবসায়িক পরিষেবা বিভাগ (Department of Small Business Services, SBS) ব্যবসা ও কর্মীদের জন্য এই সহজ প্রচারপত্রটি তৈরি করেছে।

ব্যবসাগুলির জন্য সহায়তা

নিম্নলিখিত নির্দেশনাগুলিতে সহায়তা: 888-SBS-4NYC এ কল করুন

আপনার প্রয়োজনীয় নিরাপত্তা পরিকল্পনার ক্ষেত্রে সহায়তা: নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) এর থেকে এই টেমপ্লেট ব্যবসাগুলিকে তাদের নিজস্ব নিরাপত্তা পরিকল্পনা তৈরি করার জন্য একটি নির্দেশিকা প্রদান করে। এই নিরাপত্তা পরিকল্পনাগুলি অবশ্যই সাইটে প্রদর্শন করতে হবে।

একটি নমুনা স্ক্রিনিং টুল: স্ক্রিনিং পরিচালনা করার জন্য DOHMH-এর COVID-19 উপসর্গ স্ক্রিনিং টুল ব্যবহার করা যায়। নিয়োগকর্তাদের অবশ্যই প্রতিদিন কর্মীদের জন্য স্বাস্থ্যের স্ক্রিনিং প্রদান করতে হবে।

পরিষ্কার করার জন্য সেরা কার্যাভ্যাস: যথাযথ পরিষ্কার করার রীতিগুলির মাধ্যমে ব্যবসাগুলিকে নির্দেশনা দেওয়ার জন্য DOHMH স্বাস্থ্য সেবা ব্যতীত অন্য সেটিং-এর জন্য পরিষ্কার করা/জীবাণুমুক্ত করার নির্দেশনা তৈরি করেছে।

চিহ্ন: DOHMH একাধিক ভাষায় প্রিন্ট করার জন্য পোস্টার প্রদান করে। ব্যবসাগুলিকে সামাজিক দূরত্ব বজায় রাখা সংক্রান্ত রীতি সম্বন্ধে অবশ্যই চিহ্ন প্রদর্শন করতে হবে। এই পোস্টারগুলির মধ্যে রয়েছে:

- রোগ ছড়ানো প্রতিরোধ করুন
- সামাজিক দূরত্ব
- আপনার কাশি ঢাকা দিন
- আপনার হাত ধুয়ে নিন

বিনামূল্যে মুখ ঢাকার আবরণ: ব্যবসাগুলি পুরো শহর জুড়ে 60 টির বেশি স্থানে প্রত্যেক কর্মী পিছু 5 টি মাস্ক সংগ্রহ করতে পারে। সিটি ছোট ব্যবসাগুলিকে বিনা খরচে 2 মিলিয়ন ফেস মাস্ক প্রদান করছে।

আর্থিক সহায়তা: লুঠের দ্বারা প্রভাবিত যে ছোট ব্যবসাগুলির দোকানের সামনের অংশে ক্ষতি হয়েছে, তারা মেরামতের খরচ জোগানোর জন্য $10,000 পর্যন্ত পাওয়ার আবেদন করতে পারে। এই কর্মসূচিটি ব্রংক্স-এ শুরু হবে এবং অন্যান্য বরোতে প্রসারিত হবে।

[Bengali]

পরিদর্শন

ব্যবসা পুনরায় খোলার আবশ্যকতা সংক্রান্ত পরিদর্শনগুলির সমন্বয়সাধন করে বিশেষ বলবৎকরণের অফিস (Office of Special Enforcement, OSE) এবং বিভিন্ন এজেন্সি কর্মী সরবরাহ করে। শহর জুড়ে নিরাপত্তা সংক্রান্ত কার্যাভ্যাসগুলির প্রচার করার জন্য পূর্ব-সক্রিয়ভাবে পরিদর্শনগুলি পরিচালনা করা হবে, এবং 311 নম্বরে অভিযোগগুলির প্রতিক্রিয়াতেও তা পরিচালনা করা হবে। পরিদর্শকরা ব্যবসাগুলিকে নির্দেশিকা অনুসরণ করতে সাহায্য করার জন্য যোগাযোগ ও শিক্ষার ওপরে মনোযোগ দেবেন, এবং শুধুমাত্র ব্যতিক্রমী ঘটনার ক্ষেত্রে বা নিরন্তর লংঘনের জন্যই আইন বলবৎকরণের পদক্ষেপ নেবেন।

আপনি শেরিফের অফিস, অগ্নি বিভাগ (Fire Department, FDNY), পরিবেশমূলক সুরক্ষার বিভাগ (Department of Environmental Protection, DEP), উপভোক্তা ও কর্মী সুরক্ষার বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP), পরিবহন বিভাগ (Department of Transportation, DOT), DOHMH ও OSE থেকে পরিদর্শকদের মুখোমুখি হতে পারেন। FDNY অগ্নি প্রতিরোধ সংক্রান্ত গতানুগতিক পরিদর্শনগুলির সাথে ব্যবসা পুনরায় খোলার পরিদর্শনগুলি করবে। সব পরিদর্শক একই প্রশিক্ষণ পাবেন এবং তাদের প্রতিক্রিয়ায় সমন্বয়সাধন করা হবে।

আপনি যদি একজন কর্মী হন

কর্মীরা তাদের নিয়োগকর্তাদের সম্বন্ধে যে কোনো অভিযোগের বিষয়ে অথবা কর্মস্থল সংক্রান্ত প্রশ্নগুলির জন্য (যেমন সবেতন নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি (Paid Safe and Sick Leave)) উপভোক্তা ও কর্মী সুরক্ষার বিভাগ (DCWP) হটলাইনের সঙ্গে সংযুক্ত হতে **311** নম্বরে ফোন করতে পারেন।

কর্মীদের যা জানা প্রয়োজন সেই সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য, এই সহায়ক নথিটি এবং DCWP ওয়েবসাইটে অন্যান্য সংস্থানগুলি দেখুন।

আরো তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন

নির্দেশিকা অনুসরণ করছে না এমন কোনো ব্যবসা সম্বন্ধে অভিযোগ করার জন্য, *যে কেউ* **311** নম্বরে ফোন করতে পারে। OSE বা একটি সহযোগী সংস্থা থেকে একজন ব্যবসা পরিদর্শক অভিযোগটি গ্রহণ করবেন (ওপরে "**পরিদর্শন**" দেখুন)।

সামাজিক দূরত্ব বজায় রাখা সম্বন্ধে অভিযোগ করার জন্য, *যে কেউ* **311** নম্বরে ফোন করতে পারে। এই অভিযোগগুলি নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগের (New York City Police Department, NYPD) কাছে পাঠানো হবে।

অতিরিক্ত সংস্থান

এই ওয়েবসাইটগুলিকে বুকমার্ক করে রাখুন। COVID-19 সম্বন্ধে তথ্য এবং প্রয়োজনীয়তাগুলির নিয়মিতভাবে পরিবর্তন হচ্ছে।

- NYC COVID-19 পোর্টাল – nyc.gov/coronavirus – ব্যবসা এবং লাভের উদ্দেশ্যহীন সংস্থাগুলির লিংক অনুসরণ করুন
- NYC DOHMH ওয়েবসাইট – nyc.gov/doh – অন্যান্য সংস্থানগুলির মধ্যে COVID এবং ব্যবসাগুলির জন্য নির্দেশনা বা পোস্টার ও প্রচারপত্রগুলির লিংক অনুসরণ করুন
- NYC বিজনেস (Business) – nyc.gov/nycbusiness – পুনরায় খোলা সংক্রান্ত নির্দেশনা, বিনামূল্যে মুখ ঢাকার আবরণ বিতরণ ও অর্থায়নের জন্য লিংক সহ
- NYC 311 – https://portal.311.nyc.gov – করোনাভাইরাস (COVID-19) ও শহরের জীবন বিষয়ক লিংকগুলি অনুসরণ করুন
- NY ফরোয়ার্ড (Forward) – forward.ny.gov – আইনি নির্দেশনা সহ NY স্টেট ওয়েবসাইট
- NYC ভবন বিভাগ (Department of Buildings, DOB) – nyc.gov/buildings – নির্মাণ ক্ষেত্রের ওপরে তথ্য